# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

**বিষয়: ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত।**

| ক্র. নং | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কিনা/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কিনা | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | গ্রাউন্ড ওয়াটার জোনিং ম্যাপ তৈরি | ভূগর্ভস্থ পানির ক্রমবর্ধমান চাহিদা মেটাতে নতুন নতুন নলকূপ বা সেচযন্ত্র স্থাপনের জন্য স্থান নির্ধারণের বিষয়ে পরিকল্পনার জন্য গ্রাউন্ড ওয়াটার জোনিং ম্যাপ একটি অপরিহার্য টুলস। সমগ্র দেশের ভূগর্ভস্থ পানির বর্তমান অবস্থা/পরিস্থিতি জানার ও ব্যবস্থাপনার জন্য জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম একটি সময় সাশ্রয়ী প্রযুক্তি এবং সম্ভাব্য পানির প্রাপ্যতা অঞ্চলসমূহ সনাক্তকরণে জোনিং ম্যাপ একটি গুরুত্বপূর্ন হাতিয়ার। গ্রাউন্ড ওয়াটার জোনিং ম্যাপ থেকে কৃষক এবং স্টেকহোল্ডাররা অগভীর নলকূপ, গভীর নলকূপ স্থাপনের জন্য কোথায় উপযুক্ত তা জানতে পারবেন। গ্রাউন্ড ওয়াটার জোনিং ম্যাপের মাধ্যমে ভূগর্ভস্থ পানি স্টোরেজের উপর ভিত্তি করে কৃষকগণ ফসলের বৈচিত্রতা/বিন্যাস অনুয়ায়ী ফসল চাষ করতে পারেন। যে এলাকায় ভূগর্ভস্থ পানির পরিমাপের স্বল্পতা রয়েছে সে সমস্ত এলাকায় কম পানি প্রয়োজনী এধরণের ফসল রোপণ করতে পারে। তারা সার এবং কীটনাশক ব্যবহারের ক্ষেত্রে সর্তকতা অবলম্বন করবে, যা পানি দূষণের কারণ। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | — | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা |
| ২. | সৌর চালিত এলএলপি সেচ ব্যবস্থাপনায় ডুয়েল পাম্পিং সিস্টেম সংযোজন | সৌরশক্তি ব্যবহার করে নদী থেকে সেচ দেয়া ভূ-পরিস্থ পানি ব্যবহারের উত্তম উপায়। একসেট সৌর প্যানেল দ্বারা পর্যায়ক্রমে ভূ-পরিস্থ ও ভূগর্ভস্থ | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | - | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা |

| ক্র. নং | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কিনা/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কিনা | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | পানির দুটি পাম্প চলে। এলক্ষ্যে এক স্থানে স্থাপন করা হয়েছে ভার্টিক্যাল সারফেস পাম্প ও সাব-মার্জড পাম্প। এতে নদীতে যতদিন পানি থাকবে ততদিন ভূ-পরিস্থ পানি ব্যবহারের জন্য সারফেস পাম্প চলে এবং একেবারে শুষ্ক মৌসুমে নদীর পানি তলানীতে চলে গেলে অটোমেটিক সিস্টেমে সাব-মার্জড পাম্প দ্বারা পানি উত্তোলন হয়। এতে শুষ্ক মৌসুমে কৃষকের ফসলের জমিতে সেচ প্রদান অব্যাহত থাকে। | | | | |
| ৩ | সেচ যন্ত্র/যন্ত্রাংশ গুদামসমূহের ডিজিটাল ইনভেন্টরি | ক্ষুদ্রসেচ উন্নয়নে ডিজিটাল ইনভেন্টরি সিস্টেম বাস্তবায়িত হওয়ায় একটি নির্দিষ্ট যন্ত্র বা যন্ত্রাংশ কোন দপ্তরে আছে তা অনলাইনে দেখা যাচ্ছে। ফলে কোন দপ্তরে অব্যবহৃত যন্ত্র অন্য দপ্তরে ব্যবহার করা সম্ভব হচ্ছে। ফলে পুরো প্রক্রিয়ায় এক ধরনের স্বচ্ছতা এসেছে যা সংস্থার অর্থ, সময় ও শ্রম সাশ্রয়ে ভূমিকা রাখছে। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | http://aj.bigmsoft.com/ | ডিজিটাইজকৃত সেবা |
| ৪ | সার ব্যবস্থাপনা সফটওয়ার | সার ব্যবস্থাপনা সফটওয়ারের মাধ্যমে সারের বরাদ্দ, মজুদ, বিক্রয় ও বিতরণের সর্বশেষ তথ্য পাওয়া যায়। এ সফটওয়ারের মাধ্যমে কৃষকগণ জেলা ওয়ারী সারের বরাদ্দ, মজুদ ও বিতরণের তথ্যাদি ঘরে বসেই জানতে পারেন। কৃষকের যে সার দরকার তার মজুদ আছে কিনা তা জেনে তিনি সার সংগ্রহ করতে পারেন। ফলে তার সময় ও শ্রমের অপচয় রোধ হয়। তাছাড়া বিভিন্ন স্টেকহোল্ডারগণ এ সফটওয়ারের মাধ্যমে সারের বর্তমান তথ্যসহ বিগত বছরসমূহের সারের আমদানি, মজুদ এবং বিতরণের তথ্য খুব সহজেই জানতে পারেন। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | http://103.35.108.254/fertilizer | ডিজিটাইজকৃত সেবা |

| ক্র. নং | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কিনা/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কিনা | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৫ | বীজ সংরক্ষণ ও বিতরণ সফটওয়ার | বীজ সংরক্ষণ ও বিতরণ সফটওয়ারের মাধ্যমে বিএডিসি'র সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র (বীপ্রকে), বীজ উৎপাদন কেন্দ্র (বীউকে), খামার এবং কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোন ইত্যাদি থেকে দৈনিক সংগৃহীত বীজের তথ্য পাওয়া যায়। বিএডিসি'র বিভিন্ন বীজ বিতরণ অঞ্চল/ট্রানজিট (বীজ বিক্রয় দপ্তর) এবং বিভিন্ন বীপ্রকে/ বীজ উৎপাদন কেন্দ্র (বীউকে) থেকে প্রাপ্ত বীজের তথ্য, দৈনিক বীজ বিক্রয়ের তথ্যাদি পাওয়া যায়। চাষিসহ অন্যান্য ব্যক্তি/প্রতিষ্ঠান বিএডিসির চলতি বছর এবং বিগত বছরগুলোতে জাতওয়ারি কী পরিমান ধান, গম ও ভূট্টা বীজ সংগ্রহ করেছে, কেজি প্রতি বীজের সংগ্রহ/বিক্রয় মূল্য এর তথ্যাদি Online এ দেখতে পাবেন এবং প্রয়োজনে প্রিন্ট নিতে পারবেন। Online এ বিএডিসির বীজ সংগ্রহ কর্মসূচি দেখে কৃষক, ব্যক্তি/প্রতিষ্ঠান তাদের কৃষি পরিকল্পনা গ্রহণ করতে পারেন। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | http://119.40.86.147/ | ডিজিটাইজকৃত সেবা |
| ৬ | যানবাহন মেরামত প্রক্রিয়া সহজিকরণ | এটি সংস্থার একটি অভ্যন্তরীণ সেবা। সংস্থার সদর দপ্তরের যানবাহন মেরামতের জন্য ১৯টি ধাপ অনুসরণ করা হত। বর্তমানে তা ১০টি ধাপে কার্য সম্পাদন করা হচ্ছে। এতে সময় ও শ্রমের অপচয় রোধ হচ্ছে। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | - | সহজিকৃত সেবা |
| ৭ | ভ্রাম্যমান বীজ বিক্রয় কেন্দ্র | ভ্রাম্যমান ট্রাকে বীজ বিক্রয় হয় ফলে চাষিদের কাছে বীজের সহজলভ্যতা নিশ্চিত করা হয়েছে। মানসম্মত বীজ সম্পর্কে কৃষককে আগ্রহী করা সম্ভব হচ্ছে। চাষিদের প্রকৃত বীজের চাহিদা জানা যাচ্ছে। বিএডিসি'র বীজ ও জাত সমন্ধে কৃষকের মতামত জানা যাচ্ছে এবং নতুন জাতের প্রচারণা সহজ হচ্ছে। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | - | সহজিকৃত সেবা |

| ক্র. নং | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কিনা/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কিনা | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৮ | শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরী সহজিকরণ | এটি সংস্থার একটি অভ্যন্তরীণ সেবা। আবেদনকারীর দাখিলকৃত আবেদন স্ব স্ব নিয়ন্ত্রনকারী দপ্তর এবং বিভাগীয় প্রধান/উইং প্রধানের মাধ্যমে সচিব বা চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে সংস্থাপন বিভাগে পৌছার পর সংস্থাপন বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। সচিব বা চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদনের পর পত্র জারী করা হয়। আগে এক্ষেত্রে ৩০টি ধাপ অনুসরণ করা হত। বর্তমানে ০৯টি ধাপে কার্য সম্পাদন করা হচ্ছে। ফলে সময় ও শ্রমের অপচয় রোধ হচ্ছে। | হ্যাঁ আছে | হ্যাঁ পাচ্ছে | - | সহজিকৃত সেবা |

২৭/৯/22

(মোঃ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (সওব্য)
বিএডিসি, ঢাকা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএডিসি।